

স্কুল থেকে বাড়ি ফেরা হলো না নাসিমার

বাবাও গুরুতর আহত

নিজস্ব প্রতিবেদক, চট্টগ্রাম >

সকালে বাবার সঙ্গেই স্কুলে গিয়েছিল নাসিমা তারানুম (১০)। রাস শেষে দুপুর ১২টার দিকে মোটরসাইকেলে বাবার সঙ্গেই আবার বাড়ি ফিরছিল সে। কিন্তু নাসিমার, আর, বাড়ি ফেরা হয়নি। কাভার্ড ভ্যান কেড়ে নিয়েছে তাঁর প্রাণ। তাঁর বাবা আবু নাসিম গুরুতর আহত হয়ে এখন হাসপাতালে। বন্দরনগর চট্টগ্রামের দামপাড়া পুলিশ লাইনের সামনের সড়কে গতকাল রবিবার নাসিমা ও বাবাকে বহনকারী মোটরসাইকেলকে চাপা দেয় একটি কাভার্ড ভ্যান। নাসিমা পুলিশ লাইন ইনস্টিটিউটের চতুর্থ শ্রেণির ছাত্রী ছিল।

প্রত্যক্ষদর্শীরা জানায়, মেয়ে নাসিমাকে স্কুল থেকে নিয়ে দুপুর ১২টার দিকে মোটরসাইকেলে ফিরছিলেন আবু নাসিম। দামপাড়া পুলিশ লাইনের সামনের সড়কে হঠাৎ একটি দ্রুতগামী কাভার্ড ভ্যান তাদের মোটর সাইকেলটিকে চাপা দেয়। এতে বাবা-মেয়ে দুজন দুই দিল্লক ছিটকে পড়ে। কাভার্ড ভ্যানের চালক ওই সময় না থেমে নাসিমাকে চাপা দিয়ে দ্রুত চলে যায়। পরে স্থানীয়রা তাদের দুজনকে উদ্ধার করে চট্টগ্রাম মেডিক্যাল কলেজ হাসপাতালে নিয়ে চিকিৎসকরা নাসিমাকে মৃত ঘোষণা করেন। আবু নাসিমের তিন মেয়ের মধ্যে সবার ছোট ছিল নাসিমা। পরে পুলিশ ঘটক ট্রাকটি আটক করে। তবে চালক পালিয়ে গেছে।